

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
১ সেগুনবাগিচা, ঢাকা

স্মারক নম্বর: ০০.০১.০০০০.০৫০.৯৯.০১১.২০২০

তারিখ: ২৬ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ  
১০ জুলাই, ২০২৩ খ্রি.

অফিস আদেশ

বিষয়: ফ্রোক/অবরুদ্ধকরণ ও রিসিভার নিয়োগ সংক্রান্ত।

দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭ এর বিধি ১৮(ক) মোতাবেক অনুসন্ধানকারী/তদন্তকারী কর্মকর্তাগণ অপরাধলব্ধ বা জ্ঞাত আয়ের উৎসের সাথে অসঙ্গতিপূর্ণ সম্পত্তি ফ্রোক (Attachment) বা অবরুদ্ধ (Freezing) করে থাকে। উক্ত বিধিমালার বিধি ১৮(খ) অনুযায়ী উক্ত ফ্রোক বা অবরুদ্ধ আদেশের মেয়াদ, অপরাধ আমলে গ্রহণের পূর্বে ২৭০ কার্যদিবস এবং অপরাধ আমলে গৃহীত হয়ে থাকলে মামলা চূড়ান্ত নিষ্পত্তির পূর্ব পর্যন্ত। উক্ত বিধিমালার বিধি ১৮(গ) অনুযায়ী ফ্রোককৃত/অবরুদ্ধকৃত সম্পত্তিতে রিসিভার নিয়োগের বিধান রয়েছে। উপরিউক্ত বিষয়াবলী নিশ্চিতকরণের লক্ষ্যে কমিশন ও সকল মহাপরিচালকের উপস্থিতিতে অনুষ্ঠিত ১০ জুলাই, ২০২৩খ্রি. তারিখের সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	বাস্তবায়নের সর্বশেষ সময়সীমা
০১	ইতোমধ্যে যে সকল, অনুসন্ধান/মামলায় সম্পত্তি ফ্রোক/অবরুদ্ধ করা হয়েছে কিন্তু রিসিভার নিয়োগ করা হয়নি সে সকল ক্ষেত্রে আগামী ২০/০৭/২০২৩খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট অনুসন্ধানকারী/তদন্তকারী কর্মকর্তা কর্তৃক উল্লিখিত ফ্রোক/অবরুদ্ধকৃত সম্পত্তিতে রিসিভার নিয়োগের অনুমতি চেয়ে সংশ্লিষ্ট মহাপরিচালকের মাধ্যমে কমিশন বরাবর আবেদন দাখিল।	সংশ্লিষ্ট অনুসন্ধান/ তদন্তকারী কর্মকর্তা	২০/০৭/২০২৩খ্রি.
০২	সংশ্লিষ্ট মহাপরিচালক কর্তৃক ক্রমিক ০১ এ বর্ণিত রিসিভার নিয়োগের আবেদনের বিষয়ে কমিশনের অনুমোদন গ্রহণ।	সংশ্লিষ্ট মহাপরিচালক	২৫/০৭/২০২৩খ্রি.
০৩	ক্রমিক ০২ এ বর্ণিত কমিশনের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট আদালতে কমিশন কর্তৃক নিয়োজিত বিজ্ঞ পিপি'র মাধ্যমে রিসিভার নিয়োগের আবেদন দাখিল।	সংশ্লিষ্ট অনুসন্ধান/ তদন্তকারী কর্মকর্তা	৩১/০৭/২০২৩খ্রি.
০৪	ফ্রোক/অবরুদ্ধকরণের মেয়াদ ২৭০ কার্যদিবস অতিক্রান্ত হওয়ার পূর্বেই সংশ্লিষ্ট আদালতে মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন দাখিল।	সংশ্লিষ্ট অনুসন্ধান/ তদন্তকারী কর্মকর্তা	আদেশের তারিখ থেকে ২৭০ কার্যদিবস অতিক্রান্ত হওয়ার পূর্বে
০৫	যে সকল ফ্রোক/অবরুদ্ধ আদেশের মেয়াদ ইতোমধ্যে ২৭০ কার্যদিবস অতিক্রান্ত হয়েছে সে সকল ক্ষেত্রে বিদ্যমান বিধির আলোকে সময় বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন দাখিল।	সংশ্লিষ্ট অনুসন্ধান/ তদন্তকারী কর্মকর্তা	৩১/০৭/২০২৩খ্রি.

২। সংশ্লিষ্ট মহাপরিচালক ও পরিচালকগণ বিষয়টি নিবিড়ভাবে তদারকি করবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
মো. মাহবুব হোসেন  
সচিব

ফোন: ৯৩৬০১১০

e-mail: [secretary@acc.org.bd](mailto:secretary@acc.org.bd)

স্মারক নম্বর: ০০.০১.০০০০.০৫০.৯৯.০১১.২০২০/২৪৯৭০(২৪১)

তারিখ: ২৬ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ

১০ জুলাই, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক (সকল) দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) পরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয় (তৌর অধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে বিষয়টি অবহিত ও নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ৩) চেয়ারম্যান এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা ( মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
- ৪) কমিশনার (তদন্ত/অনুসন্ধান) এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা ( মাননীয় কমিশনারের সদয় অবগতির জন্য)।
- ৫) সচিব এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) সিস্টেম এনালিস্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন, ঢাকা (ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ)।
- ৭) উপপরিচালক (সকল) দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/জেলা কার্যালয় (তার অধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে এবং বিজ্ঞ পিপিগণকে বিষয়টি অবহিতকরণ ও প্রয়োজ্য পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)।



রেজওয়ানুর রহমান

মহাপরিচালক (প্রশাসন)

ফোন: ০২-২২২২২৯০১৩

ইমেইল: dg.admin@acc.org.bd